



স্বল্প জীবনকাল ব্রি ধান ৭৫ চাষে কৃষক লাভবান

- যুগের আলো

স্বল্প জীবনকাল ব্রি ধান-৭৫ চাষে কৃষক লাভবান

● স্টাফ রিপোর্টার

বাংলাদেশের মধ্যে রংপুর-দিনাজপুর শস্য ভান্ডার হিসেবে বিবেচিত হয়ে আসছে। এ অঞ্চলে পরিবর্তিত জলবায়ুর প্রভাবে জোপা আমন মৌসুমে ধানের ফলন বৃদ্ধি অব্যাহত রাখা ধান বিজ্ঞানী, সম্প্রসারণবিদ ও কৃষি সংশ্লিষ্ট সকলের জন্য একটি চ্যালেঞ্জ ছিল। এছাড়াও সীমিত জমিতে ধানের ফলন স্থানীয় জন্য লাগসই শস্যবিন্যাস ও শস্য নিবিতা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর যৌথভাবে কাজ করে যাচ্ছে। তারই পরিপ্রেক্ষিতে, রংপুরের মিঠাপুকুর উপজেলার পাগসারহাট, তাহিয়ারপুর, আকপপুর, জালাদিপুর, রানীশ্বরপুর গ্রামে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, রংপুর এর সার্বিক সহযোগিতায় বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট রংপুর কৃষকের মাঠে প্রায় ৩০০ বিঘা জমিতে স্বল্প জীবনকাল সম্পন্ন ব্রি ধান ৭৫ প্রদর্শনী পুট স্থাপন করেন। সোমবার ব্রি রংপুর মিঠাপুকুর উপজেলার পাগসারহাট গ্রামে ব্রি ধান ৭৫ ধানের জাতের ফসল কর্তন উৎসবের আয়োজন করে। জাতটির ফসল কর্তন করে বিঘা (৩৩ শতাংশ) প্রতি ২০ মণ ফলন পাওয়া গেছে এবং জীবনকাল ছিল ১১০ দিন। কৃষকরা এই জাতের ধান চাষ করে লাভবান হয়েছেন। কৃষি অফিস সূত্রে জানা গেছে,

মাত্র ১১০ দিনে এত বেশী ফলন অন্য কোনো আগাম ধানে পাওয়া যায় না। এ জাত চাষে কৃষকরা যেমন আগাম ধান ও খড় উভয়েই পেয়ে লাভবান হচ্ছে তেমনি আর এলাকার মৌসুমি কৃষি শ্রমিকের কর্মসংস্থান হচ্ছে। এছাড়া এই ধানের চাষে সুগন্ধ থাকায় ডাত খেতেও সুস্বাদু। স্বল্প-জীবনকাল সম্পন্ন জাতটির আশানুরূপ ফলনে উপস্থিত সকলেই সন্তোষ প্রকাশ করেন। গবেষক এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তাগণ কৃষক পর্যায় জাতটি ব্যাপকভাবে নাকারি উচু থেকে উচু জমিতে সম্প্রসারণের মাধ্যমে ফসলের মোট উৎপাদন বৃদ্ধির অপার সম্ভাবনার বিষয়ে প্রত্যয় ব্যক্ত করেন। ফসল কর্তন ও মাঠ দিবস অনুষ্ঠানের উদ্বোধন করেন প্রধান অতিথি রংপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ মোঃ আফতাব হোসেন। এছাড়া বিশেষ অতিথি ছিলেন, আরএআরএস, বিএআরআই চিফ সাইন্টিফিক অফিসার ড. আশীষ কুমার সাহা, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক কৃষিবিদ মোঃ ওবায়দুর রহমান মজল, আঞ্চলিক বেতার কৃষি অফিসার, কৃষিবিদ মোঃ শাহাদৎ হোসেন প্রমুখ। সভাপতিত্ব করেন ব্রি আঞ্চলিক কার্যালয় রংপুরের প্রধান ও প্রিন্সিপাল সাইন্টিফিক অফিসার ড. মোঃ রকিবুল হাসান। □